BREAKING NEWS LIVE


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 20 Nov 2026, 08:22 PM

বিনোদন

টম ক্রুজের সিনেমার ব্যর্থতায় উল্লাস, আপত্তি বেন অ্যাফ্লেকের

প্রতিবেদক: alamin dhakaprobe
প্রকাশের তারিখ: সোমবার, ১৯ অক্টোবর ২০২৬, ১০:২০ AM



বড় বাজেটের সিনেমা বক্স অফিসে প্রত্যাশা পূরণ করতে না পারলে সমালোচনা হওয়াই স্বাভাবিক। কিন্তু কোনো সিনেমার ব্যর্থতা নিয়ে উল্লাস করা কতটা যুক্তিসংগত? টম ক্রুজ অভিনীত □ডিগার□ প্রত্যাশিত আয় করতে না পারার পর এমন প্রশ্নই তুলেছেন অভিনেতা ও নির্মাতা বেন অ্যাফ্লেক।

অ্যাফ্লেকের মতে, সিনেমার সাফল্য-ব্যর্থতা বিচারের প্রধান মাপকাঠি হয়ে উঠলে নির্মাতারা নতুন ধরনের গল্প বলার ঝুঁকি নিতে নিরুৎসাহিত হবেন। এতে চলচ্চিত্রের সৃজনশীলতা ক্ষতিগ্রস্ত হতে পারে।

সম্প্রতি এক পডকাস্টে কথা বলতে গিয়ে □ডিগার□ নিয়ে নিজের অসন্তোষের কথা জানান অ্যাফ্লেক। গত প্রায় দুই দশকে টম ক্রুজের অভিনীত সিনেমাগুলোর মধ্যে উত্তর আমেরিকায় সবচেয়ে কম উদ্বোধনী আয় করা ছবিগুলোর একটি এটি। গত ২ অক্টোবর বিশ্বব্যাপী মুক্তি পায় সিনেমাটি। প্রত্যাশা অনুযায়ী আয় করতে না পারায় মুক্তির পর থেকেই ছবিটি নিয়ে শুরু হয় সমালোচনা ও বিদ্রূপ।

অ্যাফ্লেকের মতে, দর্শক ও সমালোচকেরা যখন মূলত আয়ের হিসাব দিয়ে কোনো সিনেমার মূল্যায়ন করেন, তখন প্রযোজনা প্রতিষ্ঠানগুলোও পরিচিত ছকের সিনেমা নির্মাণে বেশি আগ্রহী হতে পারে। নতুন ধরনের গল্প বলার বদলে তারা বেছে নিতে পারে পরীক্ষিত ও নিরাপদ পথ।

অথচ ব্যতিক্রমী ও মানসম্পন্ন সিনেমা নির্মাণের জন্য ঝুঁকি নেওয়া জরুরি। সব বড় প্রকল্পই প্রত্যাশিত আর্থিক সাফল্য পাবে, এমন নিশ্চয়তা নেই। তবে ব্যর্থতার ভয়ে নির্মাতারা ঝুঁকি নেওয়া বন্ধ করলে হলিউডে একঘেয়ে, নিরাপদ ও অনুমানযোগ্য সিনেমার প্রাধান্য বাড়বে বলে মনে করেন অ্যাফ্লেক।

আলেহান্দ্রো গনসালেস ইনারিতু পরিচালিত ‘ডিগার’ সিনেমায় ডিগার রকওয়েল নামের এক খ্যাপাটে তেল ব্যবসায়ীর চরিত্রে অভিনয় করেছেন টম ক্রুজ। এতে তাঁকে দেখা গেছে ব্যতিক্রমী চেহারায়, একজন বৃদ্ধের অবতারে। সিনেমার গল্পে ওই তেল ব্যবসায়ীর কর্মকাণ্ডের জেরে বিশ্বজুড়ে পরিবেশগত সংকট তৈরি হয়। এতে করপোরেট লোভ ও গল্প বলার নিয়ন্ত্রণের মতো বিষয় উঠে এসেছে।

সিনেমাটিতে আরও অভিনয় করেছেন রিজ আহমেদ, জন গুডম্যান, সান্দ্রা হুলার, মাইকেল স্টালবার্গ ও জেসি প্লেমন্স।

তবে বড় বাজেটের এই ছবির আয় নির্মাতাদের প্রত্যাশার ধারেকাছেও পৌঁছায়নি। এএফপির তথ্য অনুযায়ী, মুক্তির প্রথম দুই সপ্তাহে উত্তর আমেরিকায় ছবিটির আয় হয়েছে প্রায় ১ কোটি ৪৪ লাখ ডলার। বিশ্বব্যাপী আয় ৩ কোটি ৫৩ লাখ ডলার।

‘ভ্যারাইটি’র হিসাব অনুযায়ী, ছবিটি নির্মাণে ব্যয় হয়েছে আনুমানিক ১৬ থেকে ১৮ কোটি ডলার। এর সঙ্গে প্রচারের জন্য খরচ হয়েছে আরও প্রায় ১০ কোটি ডলার।

সব মিলিয়ে বড় অঙ্কের লোকসানের আশঙ্কা তৈরি হয়েছে। অ্যাফ্লেকের বক্তব্য, এমন আর্থিক ফলের কারণে কোনো সৃজনশীল উদ্যোগ নিরুৎসাহিত হলে ক্ষতি শুধু সংশ্লিষ্ট নির্মাতার হবে না, ক্ষতিগ্রস্ত হবে পুরো চলচ্চিত্রশিল্প।

এ বিভাগের আরও খবর



অভিনয়ে ফিরতে চান খলনায়িকার চরিত্রে, জানালেন ক্যাটরিনা

দিনভর শুটিং শেষে বাড়ি ফেরেন ভিকি কৌশল। এরপর ক্লান্তি ভুলে মন দেন সন্তান ও সংসারে। স্বামী ও বাবা হিসেবে ভিকির এই দায়িত্ববোধ মুগ্ধ করেছে বলিউড...



স্তন ক্যানসারে মারা গেলেন অভিনেত্রী তুলনা

মাস ছয়েক আগে শরীরে ক্যানসার ধরা পড়েছিল মডেল, অভিনেত্রী ও উপস্থাপিকা তুলনা আল হারুনের। এরপর চলছিল চিকিৎসা। তবে শেষ পর্যন্ত বাঁচানো গেল না তাক...



আজ যমুনা ফিউচার পার্কে জেমসের কনসার্ট

দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ শপিং কমপ্লেক্স রাজধানীর যমুনা ফিউচার পার্কে আজ শুক্রবার গান শোনাবেন দেশের ব্যান্ড সংগীতের জনপ্রিয় তারকা মাহফুজ আনাম জ...



খালেদা জিয়ার মতো আমিও বিনাবিচারে কারাবরণ করেছি: মেঘনা আলম

মডেল ও অভিনেত্রী মেঘনা আলম বলেছেন, তার কারাবাসের ইতিহাস নিয়ে হাসাহাসি করা উচিত নয়। তিনি বলেন, □বেগম খালেদা জিয়া যখন জেলে ছিলেন, তখন আমার সঙ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/entertainment/tm-krujer-sinemar-bjrthtay-ullas-aptti-ben-ojafleker